গাংনীর ষোলটাকা ইউপিতে ওয়ারিশ ফাঁকি দিতে ইউপি সদস্য আলী’র সুপারিশ

মেহেরপুরের গাংনীর ষোলটাকা ইউনিয়ন পরিষদের সদস্য আলী হোসেনের বিরুদ্ধে শরিকানা বাদ দিয়ে ওয়ারিশ সনদ পত্র দেওয়ার সুপারিশ করার অভিযোগ উঠেছে।

সম্প্রতি বানিয়াপুকুর গ্রামের এনায়েত মন্ডলের ছেলে আলিম উদ্দীনের ৩ মেয়েকে বাদ দিয়ে ওয়ারিশ সার্টিফিকেট দেওয়ার সুপারিশ করে।

ওয়ারিশ সনদ পত্র যাচাই করে জানা গেছে, বানিয়াপুকুর গ্রামের আলিম উদ্দীনের ৩ মেয়ে সুফিয়া খাতুন, পারভীনা খাতুন ও রেবেকা খাতুনকে বাদ দিয়ে ৩ ছেলে আব্দুল খালেক, হাবিবুর রহমান ও কবির উদ্দীনকে ওয়ারিশ সনদ পত্র দিতে চেয়ারম্যান বরাবর সুপারিশ করে সদস্য আলী হোসেন।

ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনিরুজ্জামান মনি ও ইউপি সচিব জহুরুল ইসলাম জানান, মেয়েদের বাদ দিয়ে ওয়ারিশ সনদ দেওয়ার সুপারিশ করেছে বিষয়টি স্থানীয় ভাবে জানতে পারার পর সেই সুপারিশ বাতিল করে বৈধ ওয়ারিশ গণকে অন্তভুক্ত করে ওয়ারিশ সনদ দেয়া হয়েছে।

বাদ পড়া ওয়ারিশ বৃন্দরা জানান, ইউপি সদস্য আলী হোসেন অসৎ উদ্দেশ্যে তাদের নাম বাদ দিয়ে ওয়ারিশ সনদ দেওয়ার সুপারিশ করেছিলো।
স্থানীয়রা জানান, ইউপি সদস্য আলী হোসেন নির্বাচিত হওয়ার পর থেকে বিভিন্ন ভাতা প্রদানে অর্থনৈতিক সুবিধা নেওয়ার অভিযোগ উঠেছে। এছাড়া ওয়ারিশ সনদে নাম বাদ দেয়া সহ বিস্তর অভিযোগ উঠে।

অন্য ইউপি সদস্যরা জানান, ইউপি সদস্য আলী হোসেনের অনিয়মের অভিযোগ তদন্ত করতে সকল সদস্যরা গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত আবেদন করা হয়েছিলো। সেই সময় মুচলেকা দিয়ে তাকে রক্ষা পান আলী হোসেন। তবে চেয়ারম্যান,

সচিব, হিসাব সহকারী, গ্রাম পুলিশ ও ইউপি সদস্যদের সাথে অসাধ আচরণ করে ইউপি সদস্য আলী হোসেন। তার আচরন পরিবর্তন না হলে আবারো সকল

ইউপি সদস্য তার বিরুদ্ধে লিখিত অভিযোগ দেবো।

ষোলটাকা ইউনিয়ন পরিষদে কর্মরত গ্রাম পুলিশরা (চৌকিদার) জানান, তাদের সহকর্মী কাষ্টদহ গ্রামের দূর্গাকে রাতের আধারে তুলে নিয়ে নির্যাতন করে ইউপি সদস্য আলী হোসেন। পরবর্তীতে আলী হোসেন এ ধরনে কোন কর্মকান্ড করলে সরাসরি ব্যবস্থা নেয়া হবে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, ইউপি সদস্য আলী হোসেনের বিরুদ্ধে গ্রাম পুলিশকে নির্যাতন সহ নানা অভিযোগ রয়েছে। তাকে পর্যবেক্ষণে রাখা হয়েছে আবারো কোন অপকর্ম করলে তার বিরুদ্ধে আইনহগত ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, ওয়ারিশ সনদে নাম বাদ দেয়ার বিষয়টি লিখিত অভিযোগ দিলে ইউপি সদস্য আলী হোসেনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

অভিযুক্ত ইউপি সদস্য আলী হোসেন বলেন, স্থানীয় চাপে পড়ে ৩ মেয়েকে বাদ দিয়ে ওয়ারিশ সনদ দেওয়ার জন্য সুপারিশ করা হয়েছিলো। তবে সেটা বাদ দেয়া হয়েছে।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুর, মুজিবনগর ও আলমডাঙ্গায় ডিজিটাল বাংলাদেশ দিবস পালিত

ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকে সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক ইবাদত হোসেনের সভাপতিত্বে সবাই বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, জেলা আওয়ামী

লীগের সহ-সভাপতি আব্দুল হালিম, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মো: মোশারফ হোসেন প্রমুখ।

এর আগে ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে একটি শোভাযাত্রা বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ ইবাদত হোসেনের নেতৃত্বে শোভাযাত্রাটি শহরের শিল্পকলার সামনে থেকে শুরু করে প্রধান সড়কে জেলা প্রশাসন চত্বরে গিয়ে শেষ হয়।

পরে ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মুজিবনগর অফিস জানায়, মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে নানা আয়োজনের মধ্য দিয়ে ডিজিটাল বাংলাদেশ দিবস পালিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টায় ডিজিটাল বাংলাদেশ দিবস পালন করার লক্ষে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্তর বর্নাট্য র্যালী বের করা হয়। র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ হল রুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার এম এ আরাফাত হোসেনের সভাপতিত্বে, প্রধান অতিথি উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

এসময় উপস্থিত ছিলেন কৃষি অফিসার আনিসুজ্জামান খাঁন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আবদুল হাসেম, সমাজসেবা অফিসার আব্দুর রব, সিনিয়র মৎস্য অফিসার শহিদুল ইসলাম, সমবায় অফিসার হারুনুর রশিদ, মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউনিয়নের চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আযুব হোসেন সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী বৃন্দ।

এসময় প্রজেক্টরের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে বর্তমান সরকারে উন্নয়ন ভাবনা তুলে ধরা হয়।
অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকার।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি র্যালী, আলোচনা সভা ও কুইজ প্রতিযোগীতা অনুষ্টিত হয়েছে।

গতকাল সকাল ১০ টার দিকে ডিজিটাল দিবস উপলক্ষে র্যালী শেষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপার ভাইজার ইমরুল হক। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল বারি, সমাজ সেবা অফিসার আফাজ উদ্দিন, যুব উন্নয়ন কর্মকর্তা আনিসুজ্জামান, আবাসিক প্রকৌশলী গোলাম নবী, নির্বাচন অফিসার একেজি মোস্তফা, ভিডিপি কর্মকর্তা মিলন আলী, সরকারি উচ্চবিদ্যালয়ের শিক্ষক গৌতম কুমার পাল, জনস্বাস্থ্য কর্মকর্তা আব্দুর রশিদ, আলইকরা ক্যাডেট একাডেমির শিক্ষক রুহুল আমিন, বালিকা বিদ্যালয়ের শিক্ষক সুরাইয়া ইয়াসমিন, প্রধান শিক্ষক আবু তৈয়ব প্রমুখ।

পরে বালিকা বিদ্যালয়ের হলরুমে কুইজ প্রতিযোগীতা অনুষ্টিত হয়। বিজয়িদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

- প্রতিদিন ডেস্ক

গ্রাম এলাকায় বিষাক্ত সাপ ধরে জীবিকা নির্বাহ করেন ঢাকা সাভারের সজিব

গ্রামের মাঠের ভিতরে, বাগানের ভিতর, জঙ্গলের ভিতরে বিষাক্ত সাপ ধরে জীবিকা নির্বাহ করছে ঢাকা সাভারের সজীব (২৫)।

তিনি বলেন, আমি দীর্ঘ ০৭ বছর ধরে এই সাপুড়ের পেশায় নিয়োজিত আছি। আমার পিতা আমার দাদা ও আমার পূর্বপুরুষেরা এই পেশায় নিয়োজিত ছিল। তারা গ্রামে গঞ্জে ঝোপঝাড়ে মাঠের ভিতরে বিষাক্ত সাপ ধরে

জীবিকা নির্বাহ করতো।

আমি ওই পরিবারের সন্তান তাই আমিও আমার বাপ-দাদাদের কাছ থেকে এই শিক্ষা পেয়েছি। এবং আমিও এই পেশায় জীবিকা নির্বাহ করি। আমার এই কাজটা খুব ভালো লাগে। সে বিন বাজিয়ে সুরে সুরে বিষাক্ত সাপ ডাকছিল। মাঝে মাঝে স্লোগান দিচ্ছিল কবরস্থান, মাজার ও এলাকার কাল সাপ বাদে যে যেখানে বিষাক্ত সাপ আছিস বেরিয়ে আয়”।

সে আরো বলছিলো, সাপুড়েরা তিনটা স্থানে সাপ কখনো ধরে না কবরস্থানের সাপ, মাজারের সাপ ও এলাকার পাহারাদার কাল সাপ। সে বলে এসব বিষাক্ত সাপ ধরার ফলে গ্রামবাসীদের সাপে কামড়ানোর ঝুঁকিটা কমে যায়। চুয়াডাঙ্গার কুলপালা থেকে কিছু বিষাক্ত সাপ ধরে নিয়ে যায়।

- চিৎলা প্রতিনিধি

স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন এর উদ্বোধন

এক দিন ব্যাপী স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন এর উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম।

বৃহস্পতিবার কবি নজরুল শিক্ষা মঞ্জিল এ ওরিয়েন্টেশন এর উদ্বোধন করা হয়।

কবি নজরুল শিক্ষা মঞ্জিল এর প্রধান শিক্ষক শানজিদা ইসলাম উদ্বোধন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার বিনয় কুমার চাকি, মেহেরপুর জেলা স্কাউট সম্পাদক জাকির হোসেন, সদর উপজেলা সম্পাদক আশরাফুজ্জামান, কোর্স পরিচালক জাহাঙ্গীর হোসেন প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]

- মুজিবনগর অফিস

মুজিবনগরে নিরাপদ উদ্যান ফসল উৎপাদনের উপর কৃষক প্রশিক্ষন

মুজিবনগরে নিরাপদ উদ্যান ফসল উৎপাদনের উপর কৃষক প্রশিক্ষন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্প্রতিবান সকাল সাড়ে ৯টায় মুজিবনগ কৃষি সম্প্রাসারন অধিদপ্তরেন আওতায় নিরাপদ উদ্যান ফসল উৎপাদনের উপর কৃষক প্রশিক্ষন অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খানের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রশিক্ষন প্রদান করেন জেলা কৃষি সম্প্রাসার অধিদপ্তরের প্রশিক্ষন কর্মকর্তা স্বপন কুমার খাঁ,

জেলা হটিকালচার অফিসার (বারাদী) আমজাদ হোসেন, অতিরিক্ত উপপরিচালক উদ্ভিদ সংরক্ষন কৃষি সম্প্রাসার অধিদপ্তর মেহেরপুর এ কে এম হাসিবুল হাসান,

অতিরিক্ত উপপরিচালক শস্য সংরক্ষন কৃষি সম্প্রাসারন অধিদপ্তর মেহেরপুর মোশারফ হোসেন,

উপজেলা কৃষি সম্প্রাসারন অফিসার আনিসুর রহমান প্রমুখ। এসময় ৩০ জন কৃষকের মাঝে প্রশিক্ষন দেয়া হয়।

- মুজিবনগর অফিস

দর্শনায় পৃথক অীভযানে ফেনসিডিলসহ দুই মাদক ব্যাবসায়ী গ্রেফতার

দর্শনা পুলিশ দিনভর মাদক বিরোধী অভিযান চালিয়ে ফেনসিডিল সহ ২ মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে।

পুলিশ জানায়, গতকাল বুধবার দুপুর ১ টার দিকে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর নেতৃত্বে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ ইন্সপেক্টর শেখ মাহবুবুর রহমান ও এস আই জাকির হোসেন, এ এস আই মারুফ গোপন সংবাদের ভিত্তিতে দর্শনার কেরুজ মিল গেট ও দর্শনা মর্ডান ক্লিনিকের সামনে মাদক বিরোধী অভিযান চালান।

এ সময় পুলিশ ফরিদপুর থানার আশাপুর গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে হাবিবুর রহমান হাবলু(৩৮)’কে তার দেহ তল্লাশী করে ১২ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে।
বর্তমানে হাবলু দর্শনা দক্ষিণ চাদপুর গ্রামের বসবাস করে।

অপরদিকে গতকাল বুধবার সন্ধা ৬ টার দিকে দর্শনা পৌরসভার দর্শনা মুজিব নগর সড়কের মর্ডান ক্লিনিকের সামনে থেকে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার রথতলা গ্রামের আনোয়ার হোসেনের ছেলে মাদক ব্যাবসায়ী আরাফাত (২৮)’কে ৩ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করে।

গতকালই তাদের ২ জনের বিরুদ্ধে শেখ মাহবুবুর রহমান বাদি হয়ে মাদক আইনে মামলা সহ দামুড়হুদা মডেল থানায় মামলা করেছে।

- দর্শনা প্রতিনিধি

দর্শনায় বাল্য বিবাহ, যৌন

হয়রানী, মাদক ও দুর্নীতি বিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত

ছেলের একুশ মেয়ের আঠারো এর নিচে বিয়ে নয় শ্লোগানকে সামনে রেখে বাল্য বিবাহ, যৌন হয়রানী, নারী নির্যাতন প্রতিরোধে স্থানীয় প্রতিনিধিদের ভুমিকা নিয়ে কিশোর-কিশোরীদের সাথে সংলাপ এবং মাদক, দুর্নীতি ও জঙ্গীবাদ বিরোধী আলোচনা সভা ও র্যালী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার রামনগর কিশোর-কিশোরী ক্লাবের উদ্যোগে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের সহযোগিতায় এ সংলাপ অনুষ্ঠিত হয়। এছাড়া পুষ্টিকর খাদ্য রান্না কিশোর কিশোরীদের প্রশিক্ষণ বিষয়ক ক্যাম্প ও প্রদর্শনীর আয়োজন করা হয়।
রান্ন করা খাবারের পুষ্টিমান বজায় রেখে রান্না করা পদ্ধতি সর্ম্পকে প্রশিক্ষণ ও বনভোজন করা হয়।

সংলাপ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট সমাজ সেবক ফজলুর রহমান। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

বিশেষ অতিথি দর্শনা পৌর মেয়র রেজাউল ইসলাম, ওর্য়াড কমিটির সাধারণ সম্পাদক ফয়সাল আহম্মেদ, সাংবাদিক হানিফ মন্ডল, সহ-সমন্বয়কারী মজিবর রহমান ও দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন প্রমুখ।
অনুষ্ঠান পরিচালনা করেন ইসরাইল হোসেন খান ও পিংকি রানী মন্ডল।

- দর্শনা প্রতিনিধি

দর্শনা কেরু চিনিকলে আখ ওজন

করা নিয়ে বিরোধ, সড়ক অবরোধের চেষ্টা

গতকাল বুধবার দর্শনা কেরু চিনিকলের মিলগেটে আখ ওজন করা নিয়ে চাষী ও কতৃপক্ষের মধ্যে হট্টগোল ও মতবিরোধের ঘটনা ঘটেছে।

ফলে মঙ্গলবার রাত ১২ টা থেকে বুধবার দুপুর ১টা পর্যন্ত চাষীরা মিলের ডোঙায় আখ ফেলা থেকে বিরত থাকেন।

পুলিশ ও মিল কর্তৃপক্ষ সাংবাদিকদের জানিয়েছেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের নির্দেশে সকাল ৮টা থেকে রাত ১২ টা পর্যন্ত দুই সিপটে ১৬ ঘন্টা চিনিকলের মিলগেটে আখ ওজন করা যাবে।

কিন্তু ঐদিন বেশ কিছু আখচাষী রাত ১২টার পর পাওয়ার ট্রলার ভর্তি করে আখ নিয়ে আসেলে মিলের নিয়ম অনুযায়ী আখের গাড়ি ওজন না করে কর্তব্যরত কর্মচারীরা অফিস বন্ধ করে দেয়।

ফলে মিলে আসা চাষীরা মারমুখী হয়ে চিনিকল কতৃপক্ষকে অশ্লীল ভাষায় গালাগালি ও মিলে আখ সরবরাহ করবে না বলে হুমকি ধমকি দিতে থাকেন। এ জন্য ঐদিন রাত ১২টা থেকে পরদিন বেলা ১টা পর্যন্ত মিলে কোন চাষী আখ ওজন দেয়নি।

ফলে মিল এলাকার বিভিন্ন গ্রাম থেকে আখ ভর্তি পাওয়ার ট্রলার এসে দর্শনা-মুজিব নগর সড়ক প্রায় বন্ধ করে দেয়ার চেষ্টা করে। গতকাল বুধবার কতৃপক্ষ বাধ্য হয়ে পুলিশকে খবর দিলে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের ভার প্রাপ্ত কর্মকর্তা শেখ মাহবুব হাসান সঙ্গীয় ফোর্স নিয়ে সড়কে যানবাহন চলাচল স্বাভাবিক করেন।

মঙ্গলবার রাতে আসা চাষী কুদ্দুস আলী যাদু মিয়া ও মসলেম মনডল সহ ১৫-২০জন বুধবার সাংবাদিকদের জানান, রাত ১২টার দিকে মাত্র ৫০টির মত আখের গাড়ি মিলগেটে থাকা অবস্থাই গেট বন্ধ করলে হট্টগোল বেধে যায়।

চাষীরা অভিযোগ করে বলেন চাষীরা সারা রাত গেটের বাইরে থেকে শীতে কষ্ট করবে আর মিলের বাবু-মশাইরা বাড়ি ঘুমাবে তা হবেনা, মিল গেট ১৬ ঘন্টা না ২৪ ঘন্টা খোলা রাখতে হবে, তা না হলে আমরা চাষীরা কেউ মিলে আখ সরবরাহ করবোনা।

মিলের জি এম (কৃষি) উত্তম কুমার কু-◌ু জানান, চিনি করপোরেশনের নির্দেশ মোতাবেক ১৬ ঘন্টার বেশি মিলগেট খুলে রাখার অনুমতি নেই। কর্মচারীরা সেটাই করেছে, চাষীরা জেনেও খামাখা চটে গেছেন।

চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মো: জাহেদ আলি আনছারী সাংবাদিকদের জানান, চাষীদের সুবিধার্থে মিলগেটে পুর্জি বাড়ানোর ফলে একটি ঘটনা ঘটেছিল, সমাধান হয়ে গেছে। মিলে চাষিদের আখ আসা শুরু হয়েছে।

- দর্শনা প্রতিনিধি

আলমডাঙ্গা রুইথনপুরে আর পি এল ক্রিকেট লিগের ফাইনাল খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার চিৎলা ইউনিয়নের রুইথনপুর স্কুল মাঠে এই লীগের আয়োজন করা হয়।

উক্ত খেলার ফাইনাল ম্যাচটি গতকাল অনুষ্ঠিত হয়েছিল।

উক্ত খেলায় যে দুটি দল অংশগ্রহণ করে লামিয়ার ট্রেডাস স্পোর্টিং ক্লাব ও বন্ধু স্পোর্টিং ক্লাব।

এই খেলায় লামিয়া ট্রেডার্স স্পোটিং ক্লাব ১৭ রানে বিজয়ী হয়।

উক্ত খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার আওয়ামী যুবলীগের কর্ণধর ও আহবায়ক জনাব নঈম হাসান জোয়াদ্দার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব জিল্লুর রহমান জিল্লু। উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কৃষকলীগের প্রচার সম্পাদক জনাব মহাসিন রেজা।

উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন যুবলীগের আহ্বায়ক জনাব এন্তাজুল হক, ইউনিয়ন যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব রবিউল ইসলাম মল্লিক, মঞ্জুরুল ইসলাম মঞ্জু, শাহ আল ইমরান, হাসানুজ্জামান ছরোয়ার।

আরো উপস্থিত ছিলেন ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য শহিদুল ইসলাম, বুলবুল ইসলাম, নুরুল ইসলাম, আজিজুল হক, ইদু, আশাবুল প্রমুখ।

প্রধান অতিথি চ্যাম্পিয়ণ দলের হাতে প্রথম পুরস্কার তুলে দেন।

ও বিশেষ অতিথি রানার আপ টিমের হাতে দ্বিতীয় পুরস্কার তুলে দেয়।

উক্ত খেলায় সভাপতি করেন রবিউল ইসলাম মল্লিক। অনুষ্ঠানটি পরিচালনা করেন রোকন ও ডাবলু।

- চিৎলা প্রতিনিধি